

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা- ১২০৭

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০০৮.২০১১-৯৯

তারিখ : ১১ জুলাই ২০১৮

বিষয়ঃ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন কপিরাইট অফিসের “কপিরাইট পরীক্ষক” ১০ম গ্রেড (মুক্তিযোদ্ধা বিশেষ কোটায়) পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ।

গত ৩০.০৭.২০১৭ তারিখের ৬২ নং ক্রমিকের বিজ্ঞাপন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন কপিরাইট অফিসের “কপিরাইট পরীক্ষক” ১০ম গ্রেড (মুক্তিযোদ্ধা বিশেষ কোটায়) পদের লিখিত পরীক্ষা ২৮ জানুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিঃ নম্বর নিম্নে উল্লেখ করা হলো। প্রকাশিত ফলাফল কোনো কারণে সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

উত্তীর্ণ প্রার্থীদের রেজিঃ নম্বর : 000010 000053 000085 000087 Total=04 জন।

২. লিখিত পরীক্ষার ফলাফল কমিশনের ওয়েব সাইটে www.bpsc.gov.bd ও কর্ম কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৩. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে কমিশনের ওয়েবসাইটের www.bpsc.gov.bd এবং পত্রিকার মাধ্যমে জানানো হবে।

৪. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্র BPS Form-3 কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত কাগজপত্রসহ জমা দিতে হবে :

ক. শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট সকল সনদের সত্যায়িত কপি;

খ. প্রার্থী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃম/সনদ-১/প্র-১/২০০২//০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি;

অথবা

১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

গ. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬.০১.২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২৪.২০১০-২৬ নং সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে;

ঘ. মুক্তিযোদ্ধা সনদ হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থী কর্তৃক অবশ্যই মূল সনদ উপস্থাপন ও সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;

ঙ. অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (প্রয়োজ্য ক্ষেত্রে);

চ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

ছ. চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রয়োজ্য ক্ষেত্রে);


জ. এপ্রিকান্টস কপি, লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি অবশ্যই জমা দিতে হবে।

৫. প্রত্যেক ডকুমেন্টের উপর রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২২ জুলাই থেকে ২৬ জুলাই, ২০১৮ তারিখ পর্যন্ত সকাল-১০.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে পরিচালক, ইউনিট-৭, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর বরাবর অফিস চলাকালীন সময় হাতে হাতে অথবা ডাক যোগে জমা প্রদান করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে বিপিএসসি ফরম-৩ জমা দিতে ব্যর্থ হলে প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না এবং তার প্রার্থিতা বাতিল বলে বিবেচিত হবে।

৬. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

❖ পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;

❖ চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।


[আ. ই. ম নেহার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)